
দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 9 APR 2003 ...
পৃষ্ঠা ... ১৩ ... ৪



মির্জাপুর (টাঙ্গাইল) : মির্জাপুরের পোষ্টকামুরী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গাছের নীচে বসে ক্লাস করছে —ইত্তেফাক

# মির্জাপুরের একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ।। মির্জাপুর উপজেলার পোষ্টকামুরী সরকারী প্রাথমিক মডেল স্কুল জরাজীর্ণ হয়ে পড়েছে। অপ্রতুল সরকারী সাহায্য, শ্রেণী কক্ষের অভাব ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে ছাত্র/ছাত্রীরা গাছের নীচে বসে ক্লাস করছে। ১৯৬১ সালে উপজেলা সদরে স্কুলটি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ৭শ' ছাত্র/ছাত্রী রয়েছে। শিক্ষক সংখ্যা ১৬। গত ১৩ মার্চ স্কুলে গিয়ে দেখা গেছে, সহকারী শিক্ষিকা উর্মিলা সাহা ১ম শ্রেণীর শতাধিক শিশু নিয়ে বাইরে গাছের নীচে বসে ক্লাস করছেন। ঝড়-বৃষ্টিতে ঝুঁকিপূর্ণ স্কুল ভবনটি ধসে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।